



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৮১৪

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪২৮  
১৩ জুলাই, ২০২১

## বিজ্ঞপ্তি (সংশোধিত)


অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৪১.০২২.২০.৮৭ তারিখ: ১২ জুলাই, ২০২১ মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে এনআইডি নম্বরসহ তালিকা প্রদানের জন্য বলা হয়েছে। এক্ষনে উল্লেখিত কারণে নিম্নোক্ত সংশোধিত লিংক মোতাবেক তথ্যাদি আগামী ১৬.০৭.২০২১ ইং তারিখ রাত ১১.৫৯ মিনিট এর মধ্যে পূরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। লিংকের একটি অক্ষর বড় হাতের হওয়ায় তা এতদ্বারা সংশোধন করা হলো।

পূর্বের লিংক: <https://forms.gle/EH3ggWVRxCR455X56>

সংশোধিত লিংক: <https://forms.gle/EH3ggwVRxCR455X56>

উল্লেখ্য যে, যে সকল আবাসিক শিক্ষার্থী ইতোপূর্বে তথ্য প্রদানে ব্যর্থ হয়েছে তাদেরকেও তথ্য প্রদানের জন্য বলা হলো। আরো উল্লেখ্য যে, যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে সংশোধিত লিংক এ তথ্য প্রদান করেছে তাদের দ্বিতীয়বার তথ্য প্রদান করার প্রয়োজন নেই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


  
(মো: আবদুর রউফ)  
রেজিস্ট্রার

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৮১৪(৫০)

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪২৮  
১৩ জুলাই, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১. সকল অনুষদ/বিভাগ/দপ্তর/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
০২. উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
০৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৪. পিএস টু ভাইস চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ ( ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের জ্ঞাতার্থে)।
০৫. অফিস নথি।

  
রেজিস্ট্রার  
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।